বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা

**বার্ড ইনোভেশন টিমের চতুর্থ সভার কার্যবিবরণী, ২০১৯-২০২০ খ্রিঃ**

স্থান ঃ সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
তারিখ ঃ ১৭/১০/২০১৯ খ্রিস্টাব্দ
সময় ঃ সকাল ১০:০০ ঘটিকা

সভাপতিঃ মোঃ সফিকুল ইসলাম
পরিচালক (গবেষণা)

উপস্থিত সদস্যবৃন্দঃ

১। জনাব শেখ মাসুদুর রহমান, যুগ্ম-পরিচালক, বার্ড।
২। কাজী সোনিয়া রহমান, উপ-পরিচালক, বার্ড।
৩। জনাব মোঃ রিয়াজ মাহমুদ, উপ-পরিচালক, বার্ড।

সভার শুরুতে সভাপতি উপস্থিত ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় ঃ

১। নতুন ধারণা বা উদ্ভাবনের জন্য আহবান জানানো চিঠির প্রেক্ষিতে ড. মোঃ কামরুল হাসান, যুগ্ম-পরিচালক, বার্ড কর্তৃক প্রেরিত "মুক্তিযুদ্ধ কর্ণার" তৈরীর ধারণাটি অত্যন্ত যুগোপযোগী। ফলে মুক্তিযুদ্ধ সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য থাকলে তা সংগ্রহ করে নতুনভাবে স্থান নিরুপন করে সংরক্ষণ করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। সে লক্ষ্যে কর্মপরিকল্পনা ও বাজেট প্রণয়ন অতীব জরুরী।

দায়িত্ব: ড. মোঃ কামরুল হাসান
যুগ্ম-পরিচালক (পল্লী শিক্ষা)

২। বার্ডের Idea Bank –এ জমাকৃত "ঐতিহ্যগত পল্লীর জীবন ও সংস্কৃতি" ও "ওয়েবপেইজের মাধ্যমে পণ্য মেলা ও অনলাইন বিপনন কার্যক্রম" শীর্ষক নতুন উদ্ভাবন বা ধারণা কার্যক্রম শুরু করার জন্য কর্মপরিকল্পনা ও বাজেট প্রণয়ন করা ও Idea Form পূরণ করা।

দায়িত্ব: ড. মোঃ কামরুল হাসান
যুগ্ম-পরিচালক (পল্লী শিক্ষা)
এবং
জনাব নাছিমা আক্তার
যুগ্ম-পরিচালক (পল্লী সমাজতত্ত্ব)

৩। ০৪টি কল্যাণ ইনকিউবেটর নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। BAPARD, গোপালগঞ্জ থেকে সংশ্লিষ্ট অনুষদগণ বার্ডের সাথে যোগাযোগ করেছেন এবং সহসাই উল্লিখিত সংখ্যক কল্যাণ ইনকিউবেটর হস্তান্তর করা হবে।

৪। লাইব্রেরী ম্যানেজমেন্ট সফটওয়্যার, বার্ড -এ ৪৩ হাজার বইয়ের ডাটা এন্ট্রি করা হয়েছে। এছাড়া, বার্ড মডেল স্কুলের সফটওয়্যার তৈরির কাজ সম্পন্ন হয়েছে ও এর টেস্টিং এর কাজ চলমান রয়েছে।

৫। বার্ড ইনোভেশন টিমের উদ্যোগে "Public Service Delivery" বিষয় একটি Workshop করার জন্য ৭০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ বিভাগের সাথে আলোচনা করা।

৬। বার্ডের হোস্টেল ও যোগাযোগ শাখার কর্মচারীদের জন্য নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ মাসের তৃতীয় সপ্তাহে ০১ দিনের Orientation Programme আয়োজন করা এবং প্রশিক্ষণের জন্য Checklist তৈরি করা।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১০/১৯
(মোঃ রিয়াজ মাহমুদ)
উপ-পরিচালক (পল্লী অর্থনীতি)
ও
সদস্য সচিব, ইনোভেশন কমিটি

২৪/১০/১৯
(মো: সফিকুল ইসলাম)
পরিচালক (গবেষণা)
এবং
ইনোভেশন অফিসার

বিতরণঃ

১। পরিচালক (প্রশাসন), বার্ড।
২। পরিচালক (প্রশিক্ষণ), বার্ড।
৩। কমিটির সংশ্লিষ্ট সদস্যবৃন্দ, বার্ড।
৪। জনাব মোঃ আশিক সরকার লিফাত, সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড।
৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।